১৭২

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... MAR. 4 ...1999 ... ...
পৃষ্ঠা ৭ ... কলাম ৭ ......

# 'হরতাল বিকল্প গবেষণা' বিষয়ক সেমিনার

দেশের রাজনৈতিক পট পরিবর্তনে অতীতে যে সকল হরতাল সংঘটিত হয়েছে, ক্যান্সারের ন্যায় তা থেকে জন্ম নিয়েছে অসংখ্য অর্থনৈতিক জটিলতা, বেকার সমস্যা ও ঋণ খেলাপী কালচার। যার বিরূপ কষাঘাতে গোটা জাতি আজ চরম দুরবস্থায় পতিত। হরতালের সুবিধাভোগী গোষ্ঠী অতীতে কোনদিনই সে অভিশাপের দায়দায়িত্ব নেয়নি, হয়তো ভবিষ্যতেও নেবেনা।

এরশাদ-খালেদা জিয়াকে ক্ষমতাচ্যুত করতে যথাক্রমে ১৪০+১৭২ দিন হরতাল + বাৎসরিক সরকারী ছুটি ২৪ দিন এবং তদানিন্তন সাপ্তাহিক ছুটি বছরে ৫২ দিন করে হিসাব করলে দেখা যায় দুটি আন্দোলনে বছরে গড়ে ২১৭ দিন + ২৪৭ দিন মোট ৪৬৬ দিন দেশের মিল কারখানা, ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ ছিল। কিন্তু ব্যাংকের ঋণগ্রহীতাদের চক্র ও দন্ড সুদ বন্ধ থাকেনি। ফলে ঋণ খেলাপী কালচার নিয়ে ব্যবসায়ী সমাজ তথা শিল্প উদ্যোক্তারা এককভাবে বিপাকে পড়েছে। ভবিষ্যতে এ ব্যাধি আর যাতে কোন বিষফোঁড়া সৃষ্টি করতে না পারে, দেশের জরাজীর্ণ অর্থনীতিকে আর ধ্বংস করতে না পারে, এ লক্ষ্যে দেশের আপামর জনসাধারণকে সোচ্চার হতে হবে এবং দেশের প্রখ্যাত অর্থনীতিবিদ, রাজনীতিবিদ সাংবাদিক ও বুদ্ধিজীবী সহ সংশ্লিষ্ট চিন্তাশীল সবাইকে সুচিন্তিত মতামত দিয়ে হরতাল কালচার থেকে দেশ ও জাতিকে মুক্তি দেয়ার পন্থা নিরূপণে এগিয়ে আসতে হবে।

আমরা সকল নিয়মতান্ত্রিকতায় বিশ্বাসী– হরতাল আর বিশৃংখলায় নয়। এ বিষয়ে একটি বিকল্প পন্থা নির্ধারণের লক্ষ্যে শীঘ্রই একটি জাতীয়ভিত্তিক সেমিনার অনুষ্ঠানের উদ্যোগ নেয়া হয়েছে। দেশের সেরা বুদ্ধিজীবী, অর্থনীতিবিদ, রাজনীতিবিদ, সাংবাদিক, ব্যাংকার ও শিল্প উদ্যোক্তাগণ এই সেমিনারে উপস্থিত থেকে তাদের জ্ঞানগর্ভ মতামত উপস্থাপন করবেন।

এ বিষয়ে দলমত নির্বিশেষে সকলের সুচিন্তিত মতামত পরামর্শ ও প্রস্তাবনা সাদরে গৃহীত হবে।

যোগাযোগ ঃ
**সৈয়দ মনজুর মোর্শেদ**
সম্পাদক ও প্রকাশক
দি হরাইজন (The Horizon)
নিউজ এন্ড ভিউজ ম্যাগাজিন
**আহবায়ক, হরতাল বিকল্প গবেষণা**
২২৫, ফকিরাপুল (৩য় তলা), ঢাকা-১০০০
ফোন ঃ ৪১৯২৪৩, ৯৩৪১৪১৬, ফ্যাক্স ঃ ৯৫৬৭৬৩৫